

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

9 OCTOBER 2026

7:45—7:55PM

১) রাজ্য মন্ত্রীসভার বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২৫ বছরব্যাপী জনসেবার যাত্রা উপলক্ষে রাজ্য সরকারের ৭৬ দফা প্রস্তাবযোগে কৃতজ্ঞতা জ্ঞাপন ।

২) পলাশবারীতে লাভলীনা বক্সিং একাডেমী স্থাপনের জন্য রাজ্য মন্ত্রীসভার অনুমোদন ।

৩) নগাও লোকসভা আসনের উপনির্বাচনের ভোটগণনায় শেষ পাওয়া খবর অনুসারে বিজেপি প্রার্থী দেবশীষ শর্মা তার নিকটতম প্রতিদ্বন্দ্বি এ আই ইউ ডিফ প্রার্থী বদর উদ্দিন আজমল থেকে ১ লক্ষ ৬২ হাজার ২শো ৪ ভোটের ব্যবধানে এগিয়ে ।

৪) শিল্পী জুবিন গার্গের মৃত্যু মামলায় অভিযুক্ত অমৃতপ্রভা মহন্তের জামিন মঞ্জুর ।

এবং

৫) আগামীকাল মহালয়া , দেবীপক্ষের সূচনা ।

দিশপুরে আজ সকাল ১০টায় রাজ্য মন্ত্রীসভার এক বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নিরবিচ্ছিন্ন ২৫ বছরের জনসেবার যাত্রা সম্পর্কে বিশেষভাবে আলোচনা করে ৭৬ দফা প্রস্তাব সম্বলিত কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করা হয় । প্রায় দেড়ঘন্টাব্যাপী মন্ত্রীসভার আজকের বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশের প্রতি অভূতপূর্ব আবদানের ওপর আলোকপাত করা হয় । বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজকের সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ সংবাদমাধ্যমকে জানান । প্রধানমন্ত্রীর নেতৃত্বে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন , শান্তি , নিরাপত্তা , যোগাযোগ , পরিকাঠামো , শিল্প ইত্যাদি সহ সামাজিক ক্ষেত্র এবং এই অঞ্চলের সমৃদ্ধি সাংস্কৃতিক ঐতিহ্যের সংরক্ষণ তথা প্রসারের ক্ষেত্রে অভূতপূর্ব পরিবর্তনের বিষয়টি নিয়েও মন্ত্রীসভায় আলোচনা করা হয় বলে মুখ্যমন্ত্রী জানান । বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিভাবে এই কৃতজ্ঞতাসূচক প্রস্তাব গ্রহণ করা হয় । সেবাকে জীবনের ব্রত

হিসেবে গ্রহণ করা নরেন্দ্র মোদী এই ভাবধারা থেকে কখনো বিচ্যুত হননি বলে মন্ত্রীসভা মত পোষন করে । সাধারণ জীবনের কেন্দ্রবিন্দুতে নাগরিকের কল্যাণকে অগ্রাধিকার দিয়ে তিনি জনসেবার বিরল আদর্শ প্রদর্শন করেছেন বলেও মন্ত্রীসভা উল্লেখ করে । এই জীবনব্যাপী সাধনাই শ্রী মোদীর গণ জীবনকে বিশেষ মর্যাদা প্রদান করেছে বলে মন্ত্রীসভা প্রস্তাব গ্রহণ করে ।

(বাইট - সি এম)

এদিকে আসাম গৌরব লাভলীনা বরগোহাইর সাফল্যে অনুপ্রাণিত হয়ে রাজ্য থেকে আরো বেশি আর্ন্তজাতিক পর্যায়ের বক্সার গড়ে তোলার লক্ষ্যে রাজ্য সরকার একটি পদক্ষেপ গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী সংবাদ মাধ্যমকে জানান । পলাশবারী রাজস্ব চক্রে লাভলীনা বরগোহাই বক্সিং একাডেমী স্থাপনের জন্য নিদৃষ্ট জমি বন্টনের ক্ষেত্রে প্রিমিয়াম মাসুল ১ টাকা করে হ্রাস করার প্রস্তাবেও রাজ্য মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে ।

নগাঁও লোকসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণনা চলছে । ভোটগণনার শেষ পাওয়া তথ্য অনুসারে বিজেপি প্রার্থী দেবশীষ শর্মা তাঁর নিকটতম প্রতিদ্বন্দী এ আই ইউ ডি এফের বদরুদ্দিন আজমল থেকে ১ লক্ষ ৬২ হাজার ২০৪ ভোটে এগিয়ে রয়েছেন । বিজেপি প্রার্থী ৬ লক্ষ ৮৯ হাজার ৬৯৩ টি ভোট লাভ করেছেন । এর বিপরীতে আজমল ৫ লক্ষ ২৭ হাজার ৪৮৯ টি ভোট পেয়েছেন । এদিকে কংগ্রেস দলের প্রার্থী শিবামণি বরা ১ লক্ষ ২৩ হাজার ৩৪২ টি ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন । এদিকে পোস্টাল ব্যালটের গণণায় বিজেপি প্রার্থী দেবশীষ শর্মা তিন হাজারটি ভোট , এ আই ইউ ডি এফের বদরুদ্দিন আজমল এক হাজার ২৯৩ টি ভোট এবং কংগ্রেস দলের প্রার্থী শিবামণি বরা ৬২০ টি ভোট পেয়েছেন বলে আমাদের নগাঁওয়ের সংবাদদাতা জানিয়েছেন ।

আসামে ডোনার মন্ত্রণালয়ের অধীনে ৪০০ কোটি টাকা ব্যয়ে মুগা শিল্পের বৃহৎ প্রকল্প গ্রহণ করা হয়েছে । রেশম শিল্পের উত্তরণ , সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গৃহীত এই পদক্ষেপ শিল্পটিকে নতুন মাত্রা প্রদান করবে । যোরহাটের রৈয়ো জামুগুড়িস্থিত কেন্দ্রীয় রেশম পরিষদের মুগা বীজ উৎপাদন কেন্দ্রে নবনির্মিত বীজ উৎপাদন ভবন ও শীত সংরক্ষণাগারের উদ্বোধন করে গতকাল কেন্দ্রীয় বস্ত্র ও বৈদেশিক পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা একথা জানান । তিনি বলেন যে প্রায় ১১ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই কেন্দ্রটি রাজ্যের বয়ন শিল্পে নতুন মাত্রা প্রদান করবে । দেশের মধ্যে

উত্তর-পূর্বাঞ্চলে সর্বাধিক এরী সূতা উৎপাদন হয় বলে উল্লেখ করে শ্রী মার্ঘেরিটা বলেন যে কেন্দ্রীয় ও রাজ্য সরকার এই খন্ডের উত্তরণের জন্য দিবারাত্র কাজ করছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কার্যভার গ্রহণ করার পর দেশে রেশমের উৎপাদন ৫৫ শতাংশ এবং উত্তর-পূর্বাঞ্চলে ৭৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

আজ বিশ্ব ডাক দিবস । সমগ্র দেশে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজকের দিনটি বিশ্ব ডাক দিবস হিসেবে পালন করা হয় । ১৯শো ৬৯ সালে জাপানের টোকিওতে ইউ-পি-ইউ কংগ্রেসের প্রস্তাবে ৯ অক্টোবর দিনটিকে বিশ্ব ডাক দিবস হিসেবে ঘোষণা করা হয়েছিল । মানুষের দৈন্দিন জীবনে ব্যবসা-বাণিজ্য , সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ডাক ব্যবস্থার অবদান সম্পর্কে সচেতনতার প্রসারে দিনটি পালন করা হয় ।

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বিশ্ব ডাক দিবস উপলক্ষে দেশের সব ডাক সেবকদের শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী সিঙ্কিয়া বলেছেন যে ডাক সেবাই জন সেবা । ডিজিটাল যোগাযোগের এই সময়েও ভারতীয় ডাক বিভাগ ডিজিটাল রূপান্তরকেও গ্রহণ করেছে এবং জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পূরণে ক্রামগত চেষ্টা অব্যাহত রেখেছে । কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে ডাক বিভাগের নিঃস্বার্থ সেবা দেশবাসী মনে রাখবে ।

রাজ্যের জলসেচ ক্ষেত্রে অধিক উন্নত ও শক্তিশালী করার লক্ষ্যে রাজ্য সরকার নতুন প্রকল্প তথা আধুনিক প্রযুক্তি ব্যবহার করার ওপর গুরুত্ব আরোপ করেছে । এই উদ্দেশ্যে গতকাল রাজ্যের জলসেচমন্ত্রী পীযুষ হাজারিকার পৌরহিত্যে জনতা ভবনে আয়োজিত এক বৈঠকে জলসেচ বিভাগের প্রস্তাবিত বাহ্যিক সহায়তাপ্রাপ্ত প্রকল্প সমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয় । বৈঠকে প্রাথমিক পর্যায়ে রাজ্যের ১১টি জেলার ১ লক্ষ ৭৩ হাজারের অধিক হেক্টর কৃষিজমি অর্ন্তভুক্ত করে জলসেচ ব্যবস্থা গড়ে তোলার পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । একই সঙ্গে পাইপের মাধ্যমে জলসেচ , সৌরশক্তির সংযোগ এবং দেশের অন্যান্য রাজ্যে সফলভাবে রূপায়িত জলসেচ ব্যবস্থা আসামেও বাস্তবায়িত করার ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয় ।

জুবিন গার্গের মৃত্যু মামলায় অভিযুক্ত অমৃতপ্রভা মহন্ত আজ জামিন পেয়েছেন । গৌহাটি হাইকোর্টের বিচারপতি প্রাঞ্জল দাসের বিচারপীঠ বেশকয়েকটি শর্ত আরোপ করা সহ দুজন জামিনদার ও ৫০ হাজার টাকার জরিমানার বিনিময়ে অমৃতপ্রভা মহন্তের

জামিন মঞ্জুর করেন । উল্লেখ্য জুবিন গার্গের মৃত্যু মামলায় গ্রেপ্তার হয়ে অমৃতপ্রভা মহন্ত গত এক বছর থেকে হাফলং উপ-কারাগারে বন্দী ছিলেন ।

আগামীকাল মহালয়া । পিতৃপক্ষের অবসান এবং দেবী পক্ষের সূচনা । ধর্মীয় বিশ্বাস অনুযায়ী মহালয়ার মধ্য দিয়েই দেবী দুর্গার মর্ত্যে আগমনের বার্তা ধ্বনিত হয় । এই দিনে পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করারও আচার রয়েছে । শিলচর সহ বরাক উপত্যকার বিভিন্ন নদী ও জলাশয়ে আগামীকাল ভোরে লোকেরা পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করবেন ।

মহালয়া উপলক্ষ্যে আগামীকাল ভোর চারটায় আকাশবানী শিলচর কেন্দ্র থেকে প্রতিবছরের মতো এবারও বিশেষ অনুষ্ঠান মহিষাসুর মর্দিনী প্রচারিত হবে ।

শ্রীভূমির আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশন এবং আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশনের যৌথ উদ্যোগে আজ শ্রীভূমি জেলার বাগবাড়ী পিরেরচক গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে স্তন ক্যান্সার সচেতনতা ও স্ক্রিনিং কর্মসূচীর আয়োজন করা হয়েছে । এই কর্মসূচীতে আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্য , ক্লাস্টার লেভেল ফেডারেশনের কর্মী সহ স্থানীয় মহিলারা অংশগ্রহণ করেন । উল্লেখ্য এই কর্মসূচীর মূল উদ্দেশ্যে হচ্ছে-স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা , প্রাথমিক পর্যায়ে রোগ শনাক্তকরনের গুরুত্ব তুলে ধরা এবং মহিলাদের প্রতিরোধমূলক স্বাস্থ্য সেবা গ্রহণে উৎসাহিত করা ।

ডিমা হাসাও জেলার হেডিংমা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নয়টি গ্রামের স্থানীয় বাসিন্দা ও গ্রাম প্রধানদের পক্ষ থেকে জেলার বন আধিকারীকের কাছে স্মারক পত্র প্রদান করে দিয়াং নদী থেকে পাথর না তোলার অনুরোধ জানানো হয়েছে । স্মারক পত্রে দিয়াং নদী থেকে এভাবে পাথর তোলা হলে আগামী দিনে ভূমি ধ্বস ক্ষয় , চাষবাস, পানীয় জল সরবরাহ এবং মাছ ধরার ক্ষেত্রে বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবার আশংকা প্রকাশ করা হয়েছে বলে আমাদের হাফলং এর সংবাদ জানিয়েছেন ।

শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর সমজেলা প্রশাসনের উদ্যোগে সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে আজ রামকৃষ্ণনগর কলেজে স্বাস্থ্য পরিষেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা আশা কর্মী ও আশা পর্যবেক্ষকদের সম্মান জানানো হয়েছে । অনুষ্ঠানে বিধায়ক বিজয় মালাকার মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার পক্ষ থেকে পাঠানো আর্থিক সহায়তা ও শংসা পত্র আশা কর্মী ও পর্যবেক্ষকদের হাতে তুলে দিয়েছেন । উল্লেখ্য প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদীর জনসেবা ও প্রশাসনিক জীবনের ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে সেবা সংকল্প অভিযানে সমাজের প্রতি দায়বদ্ধতা ও জনসেবার মানসিকতাকে আরো সুদৃঢ় করবে বলে আশা করা হচ্ছে ।

ভারতীয় স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার উদ্যোগে এবং অসম সেন্টার ফর রুরেল ডেভেলোপমেন্ট সংস্থা ও শ্রী রামকৃষ্ণ সেবা সমিতির সহযোগীতায় আজ হাইলাকান্দি জেলার রাজেশ্বরপুর প্রথম খন্ডের গোপেন্দ্র দেব এম ই স্কুলে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি বিনামূল্যে রক্ত পরীক্ষা , ই সি জি সহ অন্যান্য স্বাস্থ্য পরীক্ষার সেবা প্রদান করা হয়েছে ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে লালা উন্নয়ন খন্ড কার্যালয়ের সদ্ভাবনা মন্ডপে আজ তৃতীয় পর্যায়ের সেবা শিবির অনুষ্ঠিত হয়েছে । আজকের শিবিরে বক্তব্য রাখতে গিয়ে অতিরিক্ত আয়ুক্ত অন্তরা সেন বলেন যে সরকারী পরিষেবা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া , বিভিন্ন সরকারী প্রকল্পে নাম নথিভুক্ত করা এবং নাগরিকদের বিভিন্ন অভিযোগের নিষ্পত্তি করাই এই শিবিরের মূল্য লক্ষ্য । উল্লেখ্য আগামীকাল সেবা সংকল্প অভিযানের শিবির কাটলিছড়া উন্নয়ন খন্ডের সদ্ভাবনা মন্ডপে এবং আগামী রবিবার দক্ষিণ হাইলাকান্দি উন্নয়ন খন্ড কার্যালয়ের সদ্ভাবনা মন্ডপে অনুষ্ঠিত হবে ।
